

দু'টি বেত তুলিয়া আনহ মম ঠাই।
 বেত তোলা শেষ কথা আগে ফল চাই।'
 মৃত্যুঞ্জয় দু'টি বেত কাটিল কেবল।
 একটি নিষ্ফল তার একটি সফল।।
 ফল ধরা গাছ কাটি কহে মৃত্যুঞ্জয়।
 'তব ফল লাগিবেক প্রভুর সেবায়।।
 সুপক্ব হ'য়েছ ফল পড় নাই তবু।
 তোমাকে করিবে সেবা স্বয়ং মহাপ্রভু।।'
 মৃত্যুঞ্জয় কাঙ্গালী তারক তিনজন।
 বেতটানি বাহির করিল ততক্ষণ।।
 বেতফল তুলি ধরি লইল বাটীতে।
 ঝাড়া দিল থলি ধরি পাত্র উপরেতে।।
 একঝাড়া দিলে সব ফল পড়ি যায়।
 অর্দ্ধ অর্দ্ধ খোসা রহিল বোঁটায়।।
 অবশিষ্ট অর্দ্ধ খোসা বাছিয়া ফেলিয়া।
 ঠাকুর সম্মুখে দিল কাসন্দ মাখিয়া।।
 একমুষ্টি ধরি প্রভু দিলেন বদনে।
 বলে 'মৃত্যুঞ্জয় ভাল খাওয়ালি এখনে।।
 কোথা লাগে আম আর কোথা লাগে দুধ।
 বেতফল মিঠা যেন বিদুরের খুদ।।
 আমফল খাইতেছি দুই তিনদিন।
 হঠাৎ এ বেত ফল খাই দৈবাধীন।।
 বিদুরের বাড়ী কৃষ্ণ খান একদিন।
 সেই একদিন আর এই একদিন।।'
 প্রভু বলে 'দুটি বেত কাটিলে যতনে।
 একটা আনিলে ওটা গাছে র'ল কেনে।।
 সেই বেত বাহির করিল তিন জনে।
 মৃত্যুঞ্জয় কহিছেন কাঙ্গালীর স্থানে।।
 ভাল ভাল কত বেত আছে এই গাছে।
 দুটি বেত লই কেন? কত বেত আছে।।
 প্রভু আজ্ঞা দুটি বেত আর এক ল'ব।
 তাতে কি প্রভুর কাছে অপরাধী হ'ব।।
 লাগিবে প্রভুর কার্যে মন্দ হবে কিসে?
 তাই ভেবে আর এক বেত কাটে শেষে।।

বেত কাটি তিনজনে ধরি টান পাড়ে।
 থাক গিয়ে বেত পাড়া পাতা নাহি নড়ে।।
 যারে দেখে তারে ডাকে হাত উঠাইয়া।
 এক এক জন করি বেত টানে গিয়া।।
 এক এক জন করি ধরিতে ধরিতে।
 চৌদ্দজনে বেত টানে না পারে নামাতে।।
 নাহি ছিঁড়ে নাহি পাড়ে না নড়ে না পড়ে'।
 আমের গাছের ডাল মড়মড় করে।।
 রামচাঁদ চৌধুরীর বুদ্ধি বিচক্ষণ।
 বলে 'বৃথা পরিশ্রম কর কি কারণ?
 চৌদ্দজনে বেত টানি কিছুই না হয়।
 এ হেন আশ্চর্য্য কেবা দেখেছ কোথায়?
 দুই বেত তুলিবারে প্রভু দেন বলি।
 সে আজ্ঞা লঙ্ঘন করি বেত কেন তুলি?
 চৌদ্দজনে বেত টানি কিছু নাহি হ'ল।
 বাক্য-বাদী অপরাধী হয়েছে সকল।।
 কেন মিছা টানাটানি পরিশ্রম কর।
 চল গিয়া প্রভুকে জানাই সমাচার।।'
 কে যাবে কে যাবে সবে ভাবে মনে মনে।
 সবে কহে 'তারকে পাঠাও প্রভু-স্থানে।।
 তারক দাঁড়ায় গিয়া প্রভুর সম্মুখে।
 মৃত্যুঞ্জয় কিছু দূরে দাড়াইয়া থাকে।।
 প্রভু কনু, "একা কেন আসিলে তারক।
 এক বেত লয়ে বুকি হাসাইলে লোক?
 দু'টি বেত নি'ব আর নাহি আবশ্যক।"
 'কাটিয়াছি তিন বেত' কহিল তারক।
 ঠাকুর কহেন "কেন এ কার্য্য করিলে?
 সামান্য একটি কথা মানিতে নারিলে?
 যেমন লোভের বশ করিয়াছ তাই।
 চৌদ্দজনে হার কেন এক বেত ঠাই?
 ছোট এক বাক্য তাহা না পার মানিতে।
 ধন্যবাদ দেই আমি সে বিদ্ব্য-পর্ব্বতে।।
 এখনে উঠিতে পারে রাখে কোন জনে?
 উঠিতে পারে না মাত্র এক বাক্য মেনে।।